

১৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিসিএসআইআর ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা

স্মারক নং ৩৯০.০০.০০০.০১০.৯৯.০০২.১৭-২৬০


তারিখ : ১৩ বৈশাখ ১৪২৫
২৬ এপ্রিল ২০১৮

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় দ্বিতীয় দফায় চুড়ান্তভাবে নির্বাচিত ফেলোগণের
জ্ঞাতব্য প্রসঙ্গে।

২০১৭-২০১৮ অর্থবছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় দ্বিতীয় দফায় চুড়ান্তভাবে নির্বাচিত
ফেলোগণের [পিএইডি (বিদেশ) ৪৬ জন, পিএইডি (দেশ) ৬৪ জন, এম এস (বিদেশ) ১৭ জন, পোস্ট ডক্টরেট (দেশ) ০৯ জন]
এর তালিকা গত ২২/০৪/২০১৮ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত প্রকাশিত
তালিকায় বর্ণিত নির্দেশনার অধিকতর স্পষ্টীকরণের লক্ষ্যে এবং নির্বাচিত ফেলোগণের জিজ্ঞাসার আলোকে নিম্নবর্ণিত নির্দেশনা
প্রদান করা হলোঃ

২০১৭-২০১৮ অর্থবছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় দ্বিতীয় দফায় চুড়ান্তভাবে নির্বাচিত ফেলোগণকে
“বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট কর্তৃক ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা, ২০১৮” এর আলোকে নিম্নবর্ণিত তথ্যাদি/
প্রমাণক আগামী ১০/০৫/১৮ তারিখের মধ্যে ট্রাস্টের কার্যালয়ে (মেডিক্যাল সেন্টার, ৫ তলা, বিসিএসআইআর কমপ্লেক্স, ধানমন্ডি,
ঢাকা-১২০৫) জমা প্রদানের অনুরোধ করা হলো।

- ❖ নির্বাচিত ফেলোগণকে সংযুক্ত নমুনা অনুসরণে (সংযুক্ত-১) নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত করে ৩০০ (তিনশত) টাকা মূল্যের
নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
 - ক. বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট কর্তৃক ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা ২০১৮ এর আলোকে
ফেলোশিপ প্রদান সংক্রান্ত সকল নিয়মকানুন মেনে চলা;
 - খ. প্রতি ৬ (হয়) মাস অন্তর ফেলোগণকে তত্ত্বাবধায়কের মাধ্যমে গবেষণা কর্মের প্রতিবেদন দাখিল করা;
 - গ. কোর্স/ গবেষণা কার্যক্রম সমাপ্তির ৩ (তিনি) মাসের মধ্যে তত্ত্বাবধয়কের মাধ্যমে চুড়ান্ত প্রতিবেদন দাখিল করা ;
 - ঘ. কোর্স সমাপ্তির পর দেশে প্রত্যাবর্তনের বিষয়ে নিশ্চয়তা প্রদান।
- ❖ ইতোমধ্যে কোর্সের/ গবেষণা কার্যক্রম শুরুর কারণে বিদেশে অবস্থানরat ফেলোগণের পক্ষে বাংলাদেশে বসবাসরat
একজন উপযুক্ত গ্যারান্টের কর্তৃক ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে নিশ্চয়তা প্রদান করতে
হবে যে, ফেলো কর্তৃক দাখিলকৃত কাগজপত্র সঠিক এবং মনোনীত ফেলো গবেষণা/কোর্স সম্পর্ক না করলে অথবা
গবেষণা/কোর্স পরিত্যাগ করলে অথবা ফেলোশিপ বাতিল করা হলে অথবা বিদেশে কোর্স সম্পাদনের পর বাংলাদেশে
ফেরত না আসলে গ্যারান্টের ফেলো কর্তৃক গৃহীত সমুদয় অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন (সংযুক্ত-২)।
- ❖ আবেদনকারীর শারীরিক সুস্থিতার বিষয়ে নমুনা অনুসারে (সংযুক্ত-৩) একটি মেডিকেল সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ❖ আবেদন পত্রের সাথে সংযোজিত সকল শিক্ষা সংক্রান্ত সনদের মূলকপি উপপরিচালক, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি
ফেলোশিপ ট্রাস্টকে প্রদর্শন করতে হবে।


মোঃ নূরুল করিম

প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

অনুলিপিৎ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪) প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয় ও ট্রাস্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) অতিরিক্ত সচিব (বিপ্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) অফিস কপি/গার্ড ফাইল।

(সংযুক্তি- ১)

অঙ্গীকারনামা

আমি (ফেলোশিপের আবেদনকারী) ----- (কর্মস্থলের / আবাসিক ঠিকানা) এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, কোর্স সমাপ্তির পর আমি দেশে প্রত্যাবর্তন করব এবং আমি দেশী/বিদেশী অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা থেকে ফেলোশিপ পাইছি না।

আমি আরও নিশ্চয়তা প্রদান করছি যে, আমি ডিগ্রী লাভের পর “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলশিপ ট্রান্স্টে/বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রতিবদ্দেন দাখিল করব।

আমি আরও নিশ্চয়তা প্রদান করছি যে, আমি “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলশিপ কর্তৃক ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা ২০১৮” এর আলোকে ফেলোশিপ প্রদান সংক্রান্ত সকল নিয়মকানুন মেনে চলব।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় পরিচালিত “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলশিপ ট্রান্স্ট” কর্তৃক আরোগিত শর্তসমূহ বিশ্বস্ততার সঙ্গে প্রতিপালন করব। যদি কোন কারনে শর্ত ভঙ্গ করি তবে “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলশিপ ট্রান্স্ট” আমার বিবুক্তে অর্থ আদায়সহ আইনানুগ ব্যবস্থা প্রহন করিতে পারিবেন।

এখানে আরো উল্লেখ্য যে, আমি যদি এ বিষয়ে ব্যর্থ হই তবে কর্তৃপক্ষ সেক্ষেত্রে আমার বিবুক্তে আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে পারিবেন। এতে আমার কোন আপত্তি থাকবে না।

নিশ্চয়তা প্রদানকারীর স্বাক্ষর

(ঠিকানা/ সিল)

অঙ্গীকারনামা

আমি (নিশ্চয়তাদানকারীর নাম) ----- (কর্মস্থলের / আবাসিক ঠিকানা) এই মর্মে জানাইছি যে, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ প্রোগ্রামে আংশ গ্রহণকারী জনাব/ বেগম -----, ঠিকানা, আমার ----। আমি এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, জনাব/ বেগম -----, তার ডিগ্রী লাভের পর “ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্স্ট/বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রতিবদেন দাখিল করবেন।

আমি আরও নিশ্চয়তা প্রদান করছি যে, জনাব/ বেগম ----- কোর্স সমাপ্তির পর দেশে প্রত্যাবর্তন করবেন এবং তিনি দেশী/বিদেশী অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান/সংস্থা থেকে ফেলোশিপ পাচ্ছেন না।

আমি আরও নিশ্চয়তা প্রদান করছি যে, জনাব/ বেগম ----- “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ কর্তৃক ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা ২০১৮” এর আলোকে ফেলোশিপ প্রদান সংক্রান্ত সকল নিয়মকানুন মেনে চলবেন।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় পরিচালিত “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলশিপ ট্রান্স্ট” কর্তৃক আরোপিত শর্তসমূহ বিশ্বস্ততার সঙ্গে প্রতিপালন করবেন। যদি কোন কারনে শর্ত ভঙ্গ করে তবে “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলশিপ ট্রান্স্ট” তার বিরুদ্ধে অর্থ আদায়সহ আইনানুগ ব্যবস্থা প্রহন করিতে পারিবেন।

এখানে আরো উল্লেখ্য যে, জনাব/ বেগম ----- যদি এ বিষয়ে ব্যর্থ হন তবে আমি নিশ্চয়তা তার সকল দায় দায়িত্ব গ্রহন করিব। অথবা কর্তৃপক্ষ সেক্ষেত্রে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রহন করিতে পারিবেন। এতে আমার কোন আগ্রহ থাকিবে না।

নিশ্চয়তা প্রদানকারীর স্বাক্ষর

(ঠিকানা/ সিল)

২৮২
(সংযুক্তি- ৩)

**Only government Physician/Doctors will Provide the certificate in their own /
Institution's pad**

Medical Fitness Certificate

Reference for :

Date:

Name & Designation: -----

Age: ----- Gender: -----

Physical and laboratory examination:

Pulse:

BP:

Respiratory rate:

Auscultation:

Heart:

Lung:

Complete blood count:

Malaria Parasite:

VDRL:

MT:

Vision:

Hearing:

Comments:

Sign & Seal